গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা-১২১৯
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.৩৩.০০৩.২০.৫৮৬ তারিখঃ ৩০/১১/১৪৩০ বঙ্গাব্দ। ১৪/০৩/২০২৪ খ্রিষ্টাব্দ।

বিষয় : **১৭ মার্চ ২০২৪ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদ্‌যাপন।**

প্রতি বছরের ন্যায় এ বছরও ১৭ মার্চ ২০২৪ খ্রিঃ, রবিবার, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী, স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবসে **বঙ্গবন্ধুর স্বপ্ন ধরে আনব হাসি সবার ঘরে** প্রতিপাদ্যে জাতীয় শিশু দিবস-২০২৪ যথাযথ মর্যাদা ও উৎসাহ উদ্দীপনার সাথে উদ্‌যাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ডেপুটি কমান্ড্যান্ট ও কমান্ড্যান্ট (ভারপ্রাপ্ত), বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, উপমহাপরিচালক (রেঞ্জ), পরিচালক, কুমিল্লা (রেঞ্জ), অধিনায়ক, আনসার ব্যাটালিয়ন, জেলা কমান্ড্যান্ট, জোন অধিনায়ক ও অধিনায়ক, ভিটিসি নিজ নিজ ইউনিটে উপস্থিত থেকে উক্ত অনুষ্ঠানসমূহ যথাযথভাবে উদ্‌যাপন নিশ্চিত করবেন।

২। **১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি নিম্নরূপ:**

ক। **সাধারণ ছুটি**। দিবসটি উদ্‌যাপনের নিমিত্ত ১৭ মার্চ রবিবার সাধারণ ছুটি হিসেবে পালিত হবে। ঘোষণাকৃত সাধারণ ছুটির দিনে সকল কর্মকর্তা-কর্মচারীকে বাধ্যতামূলক রাষ্ট্রীয় কর্মসূচিতে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

খ। **জাতীয় পতাকা উত্তোলন**। ১৭ মার্চ ২০২৪ খ্রিঃ, রবিবার, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তরসহ সকল ইউনিটে "দি ফ্ল্যাগ রুলস্" (People's Republic of Bangladesh Flag Rules, 1972) অনুযায়ী সঠিক মাপ ও রঙের জাতীয় পতাকা যথাযথভাবে উত্তোলন করতে হবে।

গ। **ব্যানার।** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তর, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমিসহ মাঠ পর্যায়ে রেঞ্জ, আনসার ব্যাটালিয়ন, জেলা, জোন ও ভিটিসি কার্যালয়সমূহে দৃশ্যমান স্থানে সংযুক্ত নমুনা মোতাবেক ১৫´× ৯´ সাইজের প্যানাফ্ল্যাক্স ব্যানার প্রস্তুতপূর্বক সুদৃশ্যভাবে টানাতে হবে। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তর এবং আনসার ও ভিডিপি একাডেমির অফিস বিল্ডিং-এ নমুনা মোতাবেক ড্রপ ডাউন ব্যানার টানাতে হবে।

ঘ। **আলোকসজ্জা ও সাজসজ্জার ব্যবস্থাকরণ।** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তর, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমিসহ মাঠ পর্যায়ে রেঞ্জ, আনসার ব্যাটালিয়ন, জেলা, জোন ও ভিটিসি কার্যালয়/গুরুত্বপূর্ণ ভবন/ফটকসমূহে জাঁকজমকপূর্ণভাবে আলোকসজ্জা ও সাজসজ্জার ব্যবস্থা করতে হবে।

ঙ। **আলোচনা সভা**। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তর, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমিসহ মাঠ পর্যায়ে রেঞ্জ, আনসার ব্যাটালিয়ন, জেলা, জোন, ভিটিসি কার্যালয়ে **"বঙ্গবন্ধুর জীবনীর"** উপর আলোচনা সভার আয়োজন করতে হবে। উক্ত আলোচনা সভায় ইউনিটে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত থাকবেন। সদর দপ্তরে আয়োজিত আলোচনা সভা অডিটোরিয়ামে অনুষ্ঠিত হবে এবং উক্ত আলোচনা সভায় প্রশাসন শাখা কর্তৃক নির্বাচিত বক্তাগণ বক্তব্য প্রদান করবেন। উল্লেখ্য সকল স্থানেই বক্তাগণ লিখিত বক্তব্য পাঠ করবেন।

সময়ঃ ১১০০-১১২০ ঘটিকা।

চ। **বিশেষ প্রামাণ্যচিত্র/ভিডিও প্রদর্শন**। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তর, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমিসহ মাঠ পর্যায়ে রেঞ্জ, আনসার ব্যাটালিয়ন, জেলা, জোন, ভিটিসি কার্যালয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর উপর নির্মিত প্রামাণ্য চিত্র **'আমাদের বঙ্গবন্ধু'** ও **'অসমাপ্ত মহাকাব্য'** প্রদর্শন করতে হবে।

সময়ঃ ১১২০-১২২৫ ঘটিকা।

ছ। **বিশেষ মোনাজাত।** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তর, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমিসহ মাঠ পর্যায়ে রেঞ্জ, আনসার ব্যাটালিয়ন, জেলা, জোন, ভিটিসি কার্যালয়ের মসজিদসমূহে ১৭ মার্চ বাদ যহোর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে মিলাদ মহফিল ও বিশেষ মোনাজাতের ব্যবস্থা করতে হবে।

জ। **উপপরিচালক (প্রশাসন-উইং) এর জন্য**। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তরে আলোকসজ্জা, সাজসজ্জা এবং মসজিদে বাদ যহোর মিলাদ মাহ্‌ফিল ও বিশেষ মোনাজাত আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

ঝ। **গণসংযোগ কর্মকর্তার জন্য**। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর অডিটোরিয়ামে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর উপর নির্মিত প্রামাণ্য চিত্র প্রদর্শন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং বর্ণিত প্রামাণ্য চিত্র সকল ইউনিটে প্রেরণ করবেন। এ সংক্রান্ত বিষয়ে প্রশাসন-উইং ও আইসিটি শাখা প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে।

ঞ। **স্কুল এন্ড কলেজ**। ভাষা শহীদ আব্দুল জব্বার আনসার ভিডিপি স্কুল এন্ড কলেজে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ট। **পোশাক।**

ক। **পুরুষ:** ফুলহাতা শার্ট (টাই ছাড়া), ফরমাল প্যান্ট ও স্যু।
খ। **মহিলা:** শাড়ি।

৩। কর্তৃপক্ষের নির্দেশক্রমে এই আদেশ জারি করা হলো।

সংযুক্ত: নমুনা ব্যানার ০২ (দুই) পাতা।

২৪-০৩-২০২৪
মোঃ আবু বকর সিদ্দিক
বিএডি-১২০১৭৮
উপপরিচালক (প্রশাসন)
দুরালাপনী: ৪৭২১৭৫২৬
ওয়েবমেইল: ddadmin@ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.৩৩.০০৩.২০.৫৮৬


তারিখঃ ৩০/১১/১৪৩০ বঙ্গাব্দ
১৪/০৩/২০২৪ খ্রিস্টাব্দ

**অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| | | |
|---|---|---|
| ১। | অতিরিক্ত মহাপরিচালক<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সদয় অবগতির জন্য। |
| ২। | উপমহাপরিচালক (প্রশাসন/অপারেশনস্/প্রশিক্ষণ)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | " |
| ৩। | ডেপুটি কমান্ড্যান্ট ও কমান্ড্যান্ট (ভারপ্রাপ্ত)<br>বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | সদয় অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ৪। | উপমহাপরিচালক (রেঞ্জ) (সকল)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী ..............................রেঞ্জ। | " |
| ৫। | পরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, কুমিল্লা রেঞ্জ, কুমিল্লা। | " |
| ৬। | পরিচালক (সকল).......................................................................<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | " |
| ৭। | অধিনায়ক (সকল)<br>.........আনসার ব্যাটালিয়ন........................................................... | " |
| ৮। | পরিচালক, মহানগর আনসার, ঢাকা ও চট্টগ্রাম। | |
| ৯। | অধিনায়ক, আনসার গার্ড ব্যাটালিয়ন (এজিবি), ভাটারা, ঢাকা। | " |
| ১০। | অধিনায়ক, আনসার ফোর্স, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা। | " |
| ১১। | নির্বাহী প্রকৌশলী/উপপরিচালক (চিকিৎসা)/আইন বিষয়ক উপদেষ্টা<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | " |
| ১২। | উপপরিচালক (সকল)...........................................................<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ১৩। | জেলা কমান্ড্যান্ট (সকল)<br>জেলা কমান্ড্যান্টের কার্যালয়,...............................................। | " |
| ১৪। | উপপরিচালক (সমন্বয়)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য। |
| ১৫। | জোন অধিনায়ক (সকল), মহানগর আনসার, ঢাকা ও চট্টগ্রাম................। | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ১৬। | ওআইসি, ডিএমপি ২০০০ গ্রুপ, ঢাকা। | " |
| ১৭। | অধিনায়ক, ভিটিসি, কলাকোপা, নবাবগঞ্জ, ঢাকা/ভিটিসি, গাজীপুর। | " |
| ১৮। | অধ্যক্ষ<br>ভাষা শহীদ আব্দুল জব্বার আনসার ভিডিপি স্কুল এন্ড কলেজ, সফিপুর, গাজীপুর। | ভাষা শহীদ আব্দুল জব্বার আনসার ভিডিপি স্কুল এন্ড কলেজে অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ১৯। | গণসংযোগ কর্মকর্তা<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | |
| ২০। | সহকারী পরিচালক (সকল)..................................................<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | " |
| ২১। | মেডিকেল অফিসার/বাজেট কর্মকর্তা (আনসার ও ভিডিপি)/সম্পাদক কাম প্রশাসক (প্রতিরোধ)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | " |
| ২২। | আইসিটি শাখা<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | বিষয়টি বাহিনীর ওয়েবসাইটে প্রচারের জন্য। |
| ২৩। | নিয়ন্ত্রণ কক্ষ<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সংশ্লিষ্ট সকলের অবগতির করার জন্য |
| ২৪। | অফিস ও মাস্টার কপি। | |

২৪-০৩-২০২৪
উপপরিচালক (প্রশাসন)

D:\Babul\17 March\১৭ মার্চ ...docx


১৭ই মার্চ
জাতির পিতা বঙ্গবন্ধু
শেখ মুজিবুর রহমান এঁর
১০৪ তম জন্মবার্ষিকী
ও
জাতীয় শিশু দিবস-২০২৪ উপলক্ষ্যে
বিনম্র
শ্রদ্ধাঞ্জলি
"বঙ্গবন্ধুর স্বপ্ন ধরে
আনব হাসি সবার ঘরে"
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী